

# 21st India – Russia Annual Summit

December 06, 2021

## 21 তম ভারত-রাশিয়া বাৎসরিক শীর্ষসম্মেলন

ডিসেম্বর 06, 2021

রাশিয়ান ফেডারেশনের রাষ্ট্রপতি হিজ এক্সেলেন্সি মিস্টার ব্লাদিমির পুতিন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সাথে 21 তম ভারত-রাশিয়া বাৎসরিক শীর্ষসম্মেলনে যোগদানের জন্য 06 ডিসেম্বর 2021 তারিখে নিউ দিল্লিতে একটি কার্যক্রম সফর করেছেন।

2. রাষ্ট্রপতি পুতিনের সাথে একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধি দল এসেছে। প্রধান মন্ত্রী মোদী এবং রাষ্ট্রপতি পুতিনের মধ্যে একটি উষ্ণ ও বন্ধুত্বপূর্ণ পরিবেশে দ্বিপাক্ষিক আলোচনা অনুষ্ঠিত হয়েছে। কোভিড অতিমারীর দ্বারা সৃষ্ট চ্যালেঞ্জ সত্ত্বেও দুই দেশের মধ্যে 'বিশেষ এবং বিশেষ সুবিধাপ্রাপ্ত কৌশলগত অংশীদারিত্বে' স্থিতিশীল অগ্রগতির জন্য দুই নেতা তাদের সন্তোষ ব্যক্ত করেছেন। 6 ডিসেম্বর 2021 তারিখে দিল্লিতে অনুষ্ঠিত বিদেশ এবং প্রতিরক্ষা মন্ত্রীদের প্রথম 2+2 বৈঠক এবং সামরিক ও সামরিক প্রযুক্তিগত সহযোগিতার উপরে আন্তঃসরকারি কমিশনের বৈঠককে তারা স্বাগত জানিয়েছেন।

3. দুই নেতা বৃহত্তর অর্থনৈতিক সহযোগিতার প্রয়োজনীয়তার উপরে রেখাপাত করেছেন এবং এই পরিপ্রেক্ষিতে দীর্ঘ মেয়াদী পূর্বাভাসযোগ্য এবং টেকসই অর্থনৈতিক সহযোগিতার বৃদ্ধির জন্য নতুন চালিকা শক্তির উপরে জোরারোপ করেছেন। তারা পারস্পরিক বিনিয়োগের সাফল্যের কাহিনীর প্রশংসা করেছেন এবং একে অপরের দেশে বৃহত্তর বিনিয়োগের জন্য উন্মুখ হয়ে আছেন। ইন্টারন্যাশনাল নর্থ-সাউথ ট্রান্সপোর্ট করিডোর (আইএনএসটিসি) এবং প্রস্তাবিত চেন্নাই-ব্লাডিভস্তক ইস্টার্ন মেরিটাইম করিডোরের মাধ্যমে সংযোগের ভূমিকাও আলোচনাতে উঠে এসেছে। দুই নেতা রাশিয়ার বিভিন্ন অঞ্চলের মধ্যে বিশেষত রাশিয়ার সুদূর-পূর্বের সাথে ভারতের রাজ্যগুলির মধ্যে বৃহত্তর আন্তঃ-আঞ্চলিক সহযোগিতার দিকে তাকিয়ে রয়েছেন। প্রয়োজনের সংকট সময়ে একে অপরের দেশে মানবিক সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়া সহ কোভিড অতিমারীর বিরুদ্ধে লড়াই করার জন্য চালু থাকা দ্বিপাক্ষিক সহযোগিতাকে তারা প্রশংসা করেছেন।

4. দুই নেতা অতিমারীর পরবর্তীকালে বৈশ্বিক আর্থিক পুনরুদ্ধার এবং আফগানিস্তানের পরিস্থিতি সহ আঞ্চলিক এবং আন্তর্জাতিক ঘটনাবলী নিয়ে আলোচনা করেছেন। তারা সম্মত হয়েছেন যে, দুই দেশই আফগানিস্তানের বিষয়ে অভিন্ন দৃষ্টিভঙ্গি এবং উদ্বিগ্নকে ভাগ করে নেয় এবং আফগানিস্তানের উপরে আলোচনা ও সহযোগিতার জন্য এনএসএ স্তরে নির্ধারিত দ্বিপাক্ষিক রোডম্যাপের প্রশংসা করেছেন। তারা উল্লেখ করেছেন যে, উভয় পক্ষ বিভিন্ন আন্তর্জাতিক বিষয়ে অভিন্ন অবস্থানকে ভাগ করে নেয় এবং রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদ সহ বিভিন্ন বহুপাক্ষিক ফোরামে সহযোগিতাকে আরও শক্তিশালী করার জন্য তারা সম্মত হয়েছেন। রাষ্ট্রপতি পুতিন, রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদে ভারতের চলতে থাকা অস্থায়ী সদস্য পদের জন্য এবং সফলতার সাথে 2021-এর ব্রিক্সের সভাপতিত্ব পালন করার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে অভিনন্দন জানিয়েছেন। আর্কটিক কাউন্সিলে চলতে থাকা সভাপতিত্বের জন্য প্রধান মন্ত্রী মোদী রাশিয়াকে

অভিনন্দন

জানিয়েছেন।

5. ভারত-রাশিয়া: শান্তি, অগ্রগতি এবং সমৃদ্ধির জন্য অংশীদারিত্ব শীর্ষক যৌথ বিবৃতিটি রাষ্ট্র ও দ্বিপাক্ষিক মৈত্রী বন্ধনের সম্ভাবনাকে যথাযথভাবে বেষ্টন করে রাখে। সফরের সাথে একত্রে সরকারের সাথে সরকারের সেই সাথে উভয় দেশের বাণিজ্যিক এবং অন্যান্য প্রতিষ্ঠানের মধ্যে বিভিন্ন ক্ষেত্রে, যেমন বাণিজ্য, শক্তি, বিজ্ঞান ও প্রযুক্তি, বুদ্ধিবৃত্তিক সম্পত্তি, মহাকাশ, ভূতাত্ত্বিক অন্বেষণ, সাংস্কৃতিক বিনিময়, শিক্ষা ইত্যাদিতে বিভিন্ন চুক্তি এবং মৌ স্বাক্ষরিত হয়েছে। এটি আমাদের দ্বিপাক্ষিক অংশীদারিত্বের বহুমুখী প্রকৃতির একটি প্রতিফলন।

6. রাষ্ট্রপতি পুতিন 2022 সালে 22তম ভারত-রাশিয়া বাৎসরিক শীর্ষসম্মেলনের জন্য প্রধান মন্ত্রী মোদীকে রাশিয়া সফরের জন্য আমন্ত্রণ জানিয়েছেন।

নিউ দিল্লি

ডিসেম্বর 06, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.